

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর  
খন্দকার কমপ্লেক্স, নলজানী, গাজীপুর  
www.gazipurvat.gov.bd

নথি নম্বর: ০৮.০১.৩৩০০.০৩৭.০০২.০১.০০৪৭.২৬/ ৮৫৪

তারিখ: ০২/০৬/২০২৬খ্রি.


**বিজ্ঞপ্তি**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর কর্তৃক গত ০১/০৫/২০২৬খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে আবেদনকারী প্রার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিপাই পদের শারীরিক যোগ্যতা যাচাই পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে:

ক্র.ন.	পদের নাম	পরীক্ষার নাম	পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র
১	সিপাই	শারীরিক যোগ্যতা যাচাই পরীক্ষা	<b>পরীক্ষার তারিখ ও সময়:</b> ০৬-০৬-২০২৬খ্রি. রোজ শনিবার সকাল ১০:০০ টা <b>পরীক্ষা কেন্দ্র:</b> পুলিশ লাইন্স, গাজীপুর।

**পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা:**

১. শারীরিক পরীক্ষার জন্য এ প্রবেশপত্রটি অবশ্যই সাথে আনতে হবে। মূল প্রবেশপত্র ব্যতিরেকে কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক প্রবেশপত্র ইস্যু করা হবে।
২. পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে তার নির্ধারিত বুথে সারিবদ্ধভাবে অবস্থান করতে হবে।
৩. পরীক্ষার্থীকে অবশ্যই সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৪. হাজিরা তালিকায় প্রদত্ত স্বাক্ষরের সাথে প্রার্থীর আবেদনপত্রের স্বাক্ষরের মিল থাকতে হবে।
৫. কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময়, স্থান ও পরীক্ষার ফলাফল কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর-এর ওয়েবসাইট (www.gazipurvat.gov.bd) ও টেলিটক কর্তৃক এস.এম.এস এর মাধ্যমে জানানো হবে।
৭. শারীরিক পরীক্ষার জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
৮. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

  
০২/০৬/২০২৬

সাখন কুমার কুন্ডু  
অতিরিক্ত কমিশনার

ও

সভাপতি

বিভাগীয় নিয়োগ কমিটি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর।